3000Rs.

INDIA NON JUDICIAL

३००० रु. Rs 3000

सत्यमेव जयते

भारत

तीन हज़ार रुपये THREE THOUSAND RUPEES

Admissible under Rule 21 ... duly ... Indian Stamp ... Act ... [illegible]

Stamp Duty Paid under the Indian Stamp Act 1899 ... amended in 1976 Rs ...

Additional duty paid under the Calcutta Improvement Act 1911

... Excess ...

Total Rs ...

Deficit A – 100.00 Realised on 1/6/8[illegible]

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay by the pen of his constituted attorney Nanda Dulal Mukherjee

A 1534/-
H 28/-
N(6) 4/-
1626/-

District Sub-Registrar Alipore, 24 Parganas (South) 18/8/87

শুভ বন্টন নামা দলিল

প্রথম পক্ষ –

শ্রী রাম কৃষ্ণ মুখোপাধ্যায়
পিতা ৺সত্যেন্দ্র নাথ মুখোপাধ্যায়
জাতি হিন্দু, পেশা চাকুরী
সাকিম ২নং গণেশ ব্যানার্জী লেন,
থানা কসবা কলিকাতা –৭০০০৩১
জেলা দক্ষিণ ২৪ পরগণা। –

দ্বিতীয় পক্ষ –

শ্রী নন্দ দুলাল মুখোপাধ্যায়
পিতা ৺সত্যেন্দ্র নাথ মুখোপাধ্যায়
জাতি হিন্দু পেশা চাকুরী
সাকিম ২নং গণেশ ব্যানার্জী লেন
থানা কসবা কলিকাতা –৭০০০৩১
জেলা দক্ষিণ ২৪ পরগণা।

তৃতীয় পক্ষ –

শ্রী নীল রতন মুখোপাধ্যায়
পিতা ৺সত্যেন্দ্র নাথ মুখোপাধ্যায়
জাতি হিন্দু, পেশা চাকুরী
সাকিম ২নং গণেশ ব্যানার্জী লেন,
থানা কসবা কলিকাতা –৭০০০৩১
জেলা দক্ষিণ ২৪পরগণা। বর্তমান সাকিম
পোষ্ট বক্স নং ৭৩০৪৫ এন্ডোলা জাম্বিয়া

Admissible under Rule Rs duly stamped ... from stamp duty ... does not require stamp duty under the Indian Stamp Act 1899 amended in 1966. Schedule IA No. 45

2590 (S)

S. No.—
Sold to Sri/Sm : H.K. Saha
of ...............
Rs. 3000/- Date 14/4/...

Stamp Clerk,
Alipore Treasury
South 24-Parganas

2590 (S)

Presented for Registration at ...
11-30 A.M./P.M. on the 18th
Day of ... May ... 1987
at the Sadar Registration Office
Alipore, 24-Parganas by Nanda dulal Mukherjee
Executant / Claimant or one of
the Executants / Claimants or
Attorney for ...
Executant / Claimant under a
Power of Attorney No. ...
for 19 ...... authenticated by the
............Registrar of............)

(1) Nanda dulal Mukherjee (2) Ram Krishna Mukherjee sons of Late Satyendra nath Mukherjee of 2, Ganesh Banerjee Lane, P.S. Kasba Cal 31. by caste Hindu by profession service

Nanddulal Mukherjee S/o Late Satyendra nath Mukherjee of 2 Ganesh Banerjee Lane P.S Kasba Cal 31. by cast Hindu service as Constituted attorney for Nilratan Mukhopadhyay admitted by him.

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)
18.5.87

Nanda Dulal Mukherjee

8352

Himangshu Saha
Son/Wife of ...
District 24 Parganas
By Caste/Hindu
By Profession Advocate

Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
by the pen of his
constituted authority
Nanda Dulal Mukherjee
Himangshu Saha
Advocate

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)
18.5.87

500Rs.

INDIA NON JUDICIAL

५००रू. Rs 500

भारत

पाँच सौ रुपया FIVE HUNDRED RUPEES

11211

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
by the pen of his
constituted attorney
Nanda Dulal Mukherjee

কস্য বন্টন নামা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ—

জেলা দক্ষিণ ২৪ পরগণা সাবরেজেষ্ট্রি সাবেক আলিপুর বর্ত্তমানে শিবাদহ সাবেক থানা সদর টালিগঞ্জ পরে যাদবপুর বর্ত্তমান থানা কসবা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধীন জে,এল, নং ১৮ তৌজি নং ২৩০, ২৩৩ মৌজা ঢাকুরিয়া সাবেক ক্যাডাস্ট্রাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৭৭৪ নং খতিয়ানের ৬৭২, ৬৭৩, ৬৭৪, ৬৭৫, ৬৮৬ ও ৭৮৯ নং দাগের জমি ও তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটি ও অন্যান্য গৃহাদি এই বন্টন নামা দলিলের পক্ষগণ আমাদের মাতা ঠাকুরাণী ৺সুধা হাসি দেবীর পৈত্রিক — ওয়ারেশ সূত্রে প্রাপ্ত ও তাঁহার জ্যেষ্ঠতাত ৺সুরথ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের

2590 (S)

Sl. No. — H. K. Saha
Sold to Sri/Smt — 2
of ..............................
Rs. 500/— Date 12/9/81

Stamp Clerk,
Alipore Treasury
South 24-Parganas

Ram Kishan Mukherjee



8353



District Sub-Registrar
Alipore 24 Parganas
18.5.82

Himangshu Saha
Advocate

200Rs.

INDIA NON JUDICIAL

२००रु. Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES

॥ ৩ ॥

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
by the pen of his
Constituted Attorney
Nanda Dulal Mukherjee

অন্যাংশে নির্ব্যুঢ় স্বত্বে স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে। উক্ত দাগে তাঁহাদের সমুদয় এজমালি সম্পত্তি তাঁহারা বিগত ইংরাজী ১৪।৫।১৯৪৯ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত এককেতা বন্টন নামা দলিল মূলে আপোষে চিহ্নিত ভাবে বিভাগ বন্টন করিয়া লন। উক্ত বন্টন নামা দলিল মূলে আমাদের মাতা ঠাকুরাণী উক্ত সম্পত্তির মধ্যে ১।৩।২২ $\frac{১}{২}$ এক বিঘা আট কাঠা চার ছটাক সাড়ে বাইশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত একতলা পুরাতন পাকা বাটি ও অন্যান্য গৃহাদি যাহা উক্ত বন্টন নামা দলিলের ॥গ॥ তপশীলে বর্ণিত ও তৎসংলগ্ন নক্সায় হরিদ্রা বর্ণে রঞ্জিত হইয়াছে তাহা চিহ্নিত মতে তাঁহার ষোল আনা অংশে অন্যের নিরংশে নির্ব্যুঢ় স্বত্বে একক প্রাপ্ত হইয়া স্বত্ববতী ও দখলীকার হয়েন।

Sl. No. 2590 (5)

Sold to Sri/Smt. [illegible]

of [illegible]

Rs. 20/- Date 13/1/982

Stamp Clerk.

Alipore Treasury

[illegible]

District Sub-Registrar (South)

Alipore, 24 Parganas

18-5-82

92

20 Rs.

बीस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

२०रु. TWENTY RUPEES 20RS.

11811

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
by the pen of his
constituted attorney
Nanda Dulal Mukherjee

উক্ত বন্টন নামা দলিল আলিপুর সবরেজেষ্ট্রি অফিসের ১নং বহির ৪৪ নং ভল্যুমের ১০৪ নং পাতায় সন ১৯৪৯ সালের ২৪৯২ নং বন্টন নামা দলিল রূপে লিপিবদ্ধ আছে। উক্ত সম্পত্তি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ২নং গণেশ ব্যানার্জ্জী লেন প্রেমিসেস রূপে পরিচিত থাকে।

আমাদের মাতা ঠাকুরাণী শ্রীমতী সুধা হাসি দেবীর বন্টন নামা দলিল মূলে প্রাপ্ত সম্পত্তি সুষ্ঠ ও সম্যক রূপে ভোগদখলের সুবিধার্থে উক্ত সুরথ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় বিগত ইংরাজী ১২।২।১৯৫৯ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রি কৃত এককেতা দানপত্র দলিল মূলে উক্ত ঢাকুরিয়া মৌজার ৭৭৪ নং খতিয়ানের ৬৭৪ নং দাগের /৶৪ তিন ছটাক চার স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পাকা এক কামরা ঘর ও পাকা উঠান যাহা কলিকাতা কর্পোরেশনের তৎকালীন ৩নং গণেশ ব্যানার্জ্জী লেন প্রেমিসেসের অংশ রূপে পরিচিত ছিল তাহা আমাদের মাতা ঠাকুরাণীর শ্রীমতী সুধা হাঁসি দেবীর বরাবর দান

Sl. No. 2590(5)
Sold to Sri/Smt. [illegible]
of ........................
Rs. 20/- Date [illegible]

Stamp Clerk
Alipore Treasury,
South [illegible]

[illegible]

District Sub-Registrar
Alipore, 24 Parganas
18.5.87

[illegible]






Ram Kr. Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
by the pen of K.S
constituted attorney
Nanda Dulal Mukherjee

করিয়া উঁহার স্বত্ব ও দখল তাহার বরাবর পরিত্যাগ করেন । উক্ত দানপত্র দলিল আলিপুর সাবরেজেষ্ট্রি অফিসের ১নং বহির ১৫ নং ভল্যুমের ২৯৮ নং হইতে ৩০০ নং পাতায় সন ১ ৯ ৫ ৯ সালের ১ ৩ ৬ ৬ নং দানপত্র দলিল রূপে লিপিবদ্ধ আছে । উক্ত সুবথ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় বিগত ইংরাজী ২৪।১২।১৯৬৬ তারিখে পরলোক গমন করিলে তাঁহার স্ত্রী শ্রীমতী উমাশশী দেবী একমাত্র পুত্র শ্রী শঙ্কর বন্দ্যোপাধ্যায় ও একমাত্র কন্যা শ্রীমতী সবিতা রায় চৌধুরী দিগরওঁতাহার ত্যক্ত সমুদয় সম্পত্তি তাহার ওয়ারেশ রূপে প্রাপ্ত হইয়া বিগত ইংরাজী ২৪।৭।১৯৬৯ তারিখে তাহাদের সম্পাদিত ও রেজেষ্ট্রি কৃত একক্তো সাফ কোবালা দলিল মূলে ঢাকুরিয়া মৌজার ৭৭৪ নং খতিয়ানের ৬৭৪ নং দাগের ৵ ,২২ দুই ছটাক বাইশ স্কোয়ার ফিট জমি যাহা ৩বি, গণেশ ব্যানার্জী লেন প্রেমিসেস সম্পত্তির অংশ রূপে পরিচিত তাহা অত্র বন্টন নামা দলিলের পক্ষগণ আমাদের মাতা ঠাকুরাণী

2570 (5)

Sl. No.

Sold to Sri/Sm. H. K.

of

Rs. 5/- Date 13.5.87

Stamp Clerk

1.8.5.87

শ্রীমতী সুধা হাসি দেবীর বরাবর বিক্রয় করিয়া উঁহার স্বত্ব ও দখল তাঁহার বরাবর পরিত্যাগ করেন । উক্ত কোবালা দলিল আলিপুর সবরেজেষ্টারী অফিসের ১নং বহির ৬০ নং ভল্যুমের ২৬৬ নং হইতে ২৭০ নং পাতায় সন ১৯৬৯ সালের ৩৭৬৮ নং কোবালা দলিল রূপে লিপিবদ্ধ আছে । উক্ত সমুদয় ১৵১৩।।৵৩ $\frac{১}{২}$ এক বিঘা আট কাঠা দশ ছটাক সাড়ে তিন স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতলা বাটি ও গৃহাদি বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের রেকর্ড ২নং গণেশ ব্যানার্জ্জী লেন প্রেমিসেস রূপে নথি ভুক্ত হইয়াছে । উক্ত ২নং গণেশ ব্যানার্জ্জী লেন প্রেমিসেসের পশ্চিম দিকের ৮' আট ফুট প্রশস্ত গণেশ ব্যানার্জ্জী লেন ১২' ফুট প্রশস্ত করিতে আমাদের মাতা ঠাকুরাণী উক্ত সম্পত্তির ১৵১৩।।৵৩ $\frac{১}{২}$ এক বিঘা আট কাঠা দশ ছটাক সাড়ে তিন স্কোয়ার ফিট জমির মধ্যে উত্তর দক্ষিণে ৯৭'-৬'' সাতানব্বই ফিট ছয় ইঞ্চি দীর্ঘ ও পূর্ব্ব পশ্চিমে ৪' ফুট প্রশস্ত ৵।।০ ৩০ আট ছটাক ত্রিশ স্কোয়ার ফিট জমি প্রদান করেন ও উক্ত গণেশ ব্যানার্জ্জী লেন বর্ত্তমানে ১২' বার ফুট প্রশস্ত হইয়াছে । বিগত ইংরাজী ১১।১০।১৯৭২ তারিখে আমাদের মাতা ঠাকুরাণী শ্রীমতী সুধা হাসি দেবী উক্ত সম্পত্তির মধ্যে ৵২৮৪৩ দুই কাঠা পাঁচ ছটাক তেতাল্লিশ স্কোয়ার ফিট জমি একক্তা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে শ্রী নরেন্দ্র নাথ নস্কর কে বিক্রয় করিয়া বক্রী ১৵১০।।৵২০ $\frac{১}{২}$ এক বিঘা পাঁচ কাঠা এগারো ছটাক সাড়ে কুড়ি স্কোয়ার ফুট জমি ও তদুপরিস্থিত পাকা বাটি ও গৃহাদিতে খাসে স্বত্ব দখলিকার থাকেন । উক্ত দলিল আলিপুর সাবরেজেষ্টারী অফিসের ১নং বহির ৯১ নং ভল্যুমের ১০২ নং হইতে ১০৬ নং পাতায় সন ১৯৭২ সালের ৪২৮০ নং

District Sub-Registrar
[illegible] 24 Parganas (South)
18-5-87

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
by the pen of his
constituted attorney
Nanda Dulal Mukherjee

দলিল রূপে লিপিবদ্ধ আছে । আমাদের মাতা ঠাকুরাণী বিগত ইংরাজী ৪।১২।১৯৭৪ তারিখে এককেতা উইল সম্পাদন করিয়া তাঁহার দৌহিত্র শ্রী গৌরী শঙ্কর বন্দ্যোপাধ্যায় কে তাঁহার উক্ত উইলের একজিকিউটর নিযুক্ত করিয়া পরলোক গমন করিলে তাঁহার উইলের নিযুক্ত উক্ত একজিকিউটর মোকাম আলিপুরের ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালতে সন ১ ৯ ৮ ৩ সালের ২ ৮ ০ নং প্রবেট মোকর্দমা মূলে উক্ত শ্রীমতী সুধা হাসি দেবীর ত্যক্ত উইলের প্রবেট প্রার্থনা করিলে উক্ত ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালতের ইংরাজী ২৬।৩।১৯৮৫ তারিখের আদেশ মূলে উক্ত উইলের প্রবেট প্রাপ্ত হন । শ্রীমতী সুধা হাসি দেবীর ত্যক্ত উক্ত উইল মূলে তাঁহার তিন পুত্র অত্র দলিলের পক্ষগণ শ্রী রাম কৃষ্ণ মুখোপাধ্যায় শ্রী নন্দ দুলাল মুখোপাধ্যায় ও শ্রী নীল রতন মুখোপাধ্যায় তাঁহার ত্যক্ত সমস্ত সম্পত্তি সম অংশে প্রাপ্ত হন । পরে উক্ত এস্টেটের একজিকিউটর উক্ত শ্রী গৌরী শঙ্কর বন্দ্যোপাধ্যায় উক্ত এস্টেটের ব্যবস্থাপনা সমাপনান্তে লিগ্যাটিদের এসেন্ট প্রদান করেন এবং অত্র দলিলের পক্ষগণ যৌথভাবে ১/১০।।/২০ $\frac{১}{২}$ এক বিঘা পাঁচ কাঠা এগারো ছটাক সাড়ে কুড়ি স্কোয়ার ফিট বর্ত্তমানে মাপ সুরুহ মতে প্রাপ্ত ১/১০/৪১ এক বিঘা পাঁচ কাঠা তিন ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট জমি তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটি ও অন্যান্য গৃহাদি ও উহার দক্ষিণ ও পূর্ব্ব দিকের কমন প্যাসেজের যাবতীয় স্বত্ব ও অধিকার সহ সম্পত্তি যাহা নিম্ন ক তপশীলে বিশেষ রূপে বর্ণিত হইল তাহাতে তুল্যাংশে অন্যের নিরংশে ষোল আনা নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও দায় দফা রহিতে নির্দ্দায় অবস্থায় খাস দখলে ভোগবান আছি । অত্র বন্টন নামা দলিলের পক্ষগণ আমাদের প্রত্যেকের ॥ক॥ তপশীল সম্পত্তিতে এক তৃতীয়াংশ স্বত্ব ও অধিকার রহিয়াছে ।

District Sub-Registrar

[illegible]

18-5-87

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Jibantara(?) Mukhopadhyay
By the pen of his
Constituted attorney
Nanda Dulal Mukherjee



এক্ষণে নিম্ন ॥ক॥ তপশীল সম্পত্তি পক্ষগণের ও আমাদের নিজ নিজ পরিবার বর্গের একত্রে ভোগদখলের বিশেষ অসুবিধা হইতেছে । নিম্ন ॥ক॥ তপশীল সম্পত্তি ভোগদখলের সুবিধার্থে ও অত্র বন্টন নামা দলিলের পক্ষগণ পরস্পর পরামর্শ করিয়া ও পরস্পরের হিতৈষীগণের ও শুভাকাঙ্খিগণের পরামর্শে ও মধ্যস্থতায় এবং পক্ষগণ আমাদের নিজেদের মধ্যে আলাপ আলোচনা করিয়া ভবিষ্যতে নিজেদের মধ্যে ও পরস্পরের ওয়ারিশগণের মধ্যে সকল প্রকার বিবাদ ও বিসম্বাদ নিরসনের জন্য নিজেদের মধ্যে সুসম্পর্ক বজায় রাখিবার জন্য অত্র বন্টন নামা দলিল মুলে নিম্ন লিখিত রূপে ও সর্ত্তে ॥ক॥ তপশীল সম্পত্তি বিভাগ বন্টন করিয়া লইলাম ।

<u>সর্ত্তযথা ঃ--</u>

১। অত্র বন্টন নামা দলিলের প্রথম পক্ষ, দ্বিতীয় পক্ষ ও তৃতীয় পক্ষ প্রত্যেকের ॥ক॥ তপশীল সম্পত্তিতে এক তৃতীয়াংশ স্বত্বাংশ রহিয়াছে ।

২। প্রথম পক্ষ শ্রী রাম কৃষ্ণ মুখোপাধ্যায় নিম্ন ॥ক॥ তপশীল সম্পত্তির ১৴।০।।৶২০ ১/২ এক বিঘা পাঁচ কাঠা এগার ছটাক সাড়ে কুড়ি স্কোয়ার ফিট বর্ত্তমানে মাপ সুরু মতে প্রাপ্ত ১৴।০৶৪১ এক বিঘা পাঁচ কাঠা তিন ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটি ও অন্যান্য গৃহাদির মধ্যে তাহার এক তৃতীয়াংশ স্বত্বাংশে পূর্ব্ব দিকের ৴।৩।০১ আট কাঠা চার ছটাক এক স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটি ও অন্যান্য গৃহাদি তৎসহ বাটিতে যাতায়াতের জন্য গণেশ ব্যানার্জ্জী লেনের পশ্চিম হইতে পূর্ব্ব বরাবর ১২ ফুট প্রশস্ত কমন প্যাসেজের সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি ও যাতায়াতের অধিকার সহ সম্পত্তি তাহার ষোল আনা রকম অংশে নির্ব্যূঢ় স্বত্বে অন্যের নিরংশে সর্ব্ব প্রকার দায় দফা

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)

18.5.87

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
by the pen of his
constituted attorney
Nanda Dulal Mukherjee



রহিতে সর্ব্ব প্রকার হস্তান্তরের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারেশানগণ ক্রমে প্রাপ্ত হইলেন । প্রথম পক্ষের প্রাপ্ত ॥ক॥ তপশীল সম্পত্তির অংশ অত্র বন্টন নামা দলিলের ॥খ॥ তপশীলে বিশেষ রূপে বর্ণিত ও অত্র বন্টন নামা দলিল সংলগ্ন নক্সায় লাল বর্ণের সীমা রেখা দ্বারা লট ॥এ॥ রূপে চিহ্নিত ও প্রদর্শিত হইল । প্রথম পক্ষের প্রাপ্ত ॥খ॥ তপশীল সম্পত্তিতে দ্বিতীয় পক্ষ ও তৃতীয় পক্ষদ্বয়ের কোন প্রকার স্বত্ব দখল লভ্য বা অংশ রহিল না বা থাকিল না । দ্বিতীয় পক্ষ ও তৃতীয় পক্ষদ্বয় প্রথম পক্ষের প্রাপ্ত ॥খ॥ তপশীল সম্পত্তিতে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলেন ও উক্ত সম্পত্তিতে প্রথম পক্ষের স্বত্ব দখলে কখনও কস্মিনকালে ওয়ারেশ গণ ক্রমে কোন প্রকার বাধা বিঘ্ন সৃষ্টি করিতে পারিবেন না ।

৩। দ্বিতীয় পক্ষ শ্রী নন্দ দুলাল মুখোপাধ্যায় নিম্ন ॥ক॥ তপশীল সম্পত্তির ১৴।০।।৶ ২০ $\frac{1}{2}$ এক বিঘা পাঁচ কাঠা এগার ছটাক সাড়ে কুড়ি স্কোয়ার ফিট বর্ত্তমানে মাপ সুরু মতে প্রাপ্ত ১৴।০৶৪১ এক বিঘা পাঁচ কাঠা তিন ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতল পাকা বাটি ও অন্যান্য গৃহাদির মধ্যে তাহার এক তৃতীয়াংশ স্বত্বাংশে দক্ষিণ পশ্চিম দিকের ৴।১৵৪১ছয় কাঠা দুই ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট জমি তৎসহ গণেশ ব্যানার্জ্জী লেনের পশ্চিম হইতে পূর্ব্ব বরাবর উত্তর দিকের ১২' বার ফুট প্রসস্থ ও দক্ষিণ দিকের ৬' ফুট প্রসস্থ কমন প্যাসেজের সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি ও যাতায়াতের অধিকার সহ সম্পত্তি তাহার ষোল আনা রকম অংশে নির্ব্যূঢ় স্বত্বে অন্যের নিরংশে সর্ব্ব প্রকার দায় দফা রহিতে সর্ব্ব প্রকার হস্তান্তরের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারেশানগণ ক্রমে প্রাপ্ত হইলেন দ্বিতীয় পক্ষের প্রাপ্ত ॥ক॥ তপশীল সম্পত্তির অংশ অত্র বন্টন নামা দলিলের ॥গ॥ তপশীলে বিশেষ রূপে বর্ণিত ও অত্র বন্টন নামা দলিল সংলগ্ন নক্সায় হরিদ্রা বর্ণের সীমা –

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)
18.5.87

0

Ram Kristo Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
By the pen of his
Constituted attorney
Nanda Dulal Mukherjee



রেখা দ্বারা লট ।।বি।। রূপে চিহ্নিত ও প্রদর্শিত হইল । দ্বিতীয় পক্ষের প্রাপ্ত ।।গ।। তপশীল সম্পত্তিতে প্রথম পক্ষ ও তৃতীয় পক্ষদ্বয়ের কোন প্রকার স্বত্ত্ব দখল লভ্য বা অংশ রহিল না বা থাকিল না । প্রথম পক্ষ ও তৃতীয় পক্ষদ্বয় দ্বিতীয় পক্ষের প্রাপ্ত ।।গ।। তপশীল সম্পত্তিতে নিঃস্বত্ত্ব ও দখলচ্যুত হইলেন ও উক্ত সম্পত্তিতে দ্বিতীয় পক্ষের স্বত্ত্ব দখলে কখনও কস্মিনকালে ওয়ারেশানগণ ক্রমে কোন প্রকার বাধা বিঘ্ন সৃষ্টি করিতে পারিবেন না ।

৪। তৃতীয় পক্ষ শ্রী নীল রত্ন মুখোপাধ্যায় নিম্ন ।।ক।। তপশীল সম্পত্তির — ১/১০।।/২০ $\frac{১}{২}$ এক বিঘা পাঁচ কাঠা এগার ছটাক সাড়ে কুড়ি স্কোয়ার ফিট বর্ত্তমানে মাপ সুরত মতে প্রাপ্ত ১/১০/৪১ এক বিঘা পাঁচ কাঠা তিন ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটি ও অন্যান্য গৃহাদির মধ্যে তাহার এক তৃতীয়াংশ স্বত্ত্বাংশে উত্তর পশ্চিম দিকের /১০/১৩ পাঁচ কাঠা এক ছটাক তের স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত গৃহাদি ও তৎসহ দক্ষিণ দিকের গণেশ ব্যানার্জ্জী লেনের পশ্চিম হইতে পূর্ব্ব বরাবর ১২ ফুট প্রশস্ত কমন প্যাসেজের সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্ত্বাদি ও যাতায়াতের অধিকার সহ সম্পত্তি ও দক্ষিণ দিকের মধ্য ভাগের /২৮০২৫ দুই কাঠা বার ছটাক পঁচিশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন পাকা বাটিমোট /১২৮/৩৮ সাত কাঠা তেরো ছটাক আটত্রিশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটি ও অন্যান্য গৃহাদি ও দক্ষিণ দিকের গণেশ ব্যানার্জ্জী লেনের পশ্চিম দিকের পূর্ব্ব বরাবর ৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজের সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্ত্বাদি ও যাতায়াতের অধিকার সহ সম্পত্তি তাহার ষোল আনা অংশে নির্ব্যূঢ় স্বত্ত্বে অন্যের নিরংশে সর্ব্ব প্রকার দায় দফা রহিতে সর্ব্ব প্রকার হস্তান্তরের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারেশানগণ —

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)
18.5.82

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
By the pen of [illegible]
Constituted Attorney
Nanda Dulal Mukherjee

ক্রমে প্রাপ্ত হইলেন। তৃতীয় পক্ষের প্রাপ্ত ॥ক॥ তপশীল সম্পত্তির অংশ অত্র বন্টন নামা দলিল এর ॥ ঘ ॥ তপশীলে বিশেষ রূপে বর্ণিত ও অত্র বন্টন নামা দলিল সংলগ্ন নকসায় সবুজ বর্ণের সীমা রেখা দ্বারা লট ॥ সি ॥ রূপে চিহ্নিত ও প্রদর্শিত হইল। তৃতীয় পক্ষের প্রাপ্ত ॥ ঘ ॥ তপশীল সম্পত্তিতে প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষদ্বয়ের কোন প্রকার স্বত্ব দখল লভ্য বা অংশ রহিল না বা থাকিল না। প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষদ্বয় তৃতীয় পক্ষের প্রাপ্ত ॥ঘ॥ তপশীল সম্পত্তিতে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলেন ও উক্ত সম্পত্তিতে তৃতীয় পক্ষের স্বত্ব দখলে কখনও কস্মিনকালে ওয়ারেশানগণ ক্রমে কোন প্রকার বাধা বিঘ্ন সৃষ্টি করিতে পারিবেন না।

৫। অত্র বন্টন নামা দলিলের পক্ষগণ ॥ক॥ তপশীল সম্পত্তির মধ্য ভাগ দিয়া গণেশ ব্যানার্জী লেনের পশ্চিম হইতে পূর্ব্ব বরাবর ১২৬' ফুট দীর্ঘ ও ১২' ফুট প্রস্থ একটি কমন প্যাসেজ তৈয়ারী করিয়াছেন যাহা অত্র দলিল সংলগ্ন নকসায় নীল বর্ণের সীমা রেখা দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত হইয়াছে তাহা পক্ষগণ যৌথ ভাবে তাহাদের নিজ নিজ প্রাপ্ত অংশে যাতায়াতের জন্য ব্যবহার করিবেন। উক্ত কমন প্যাসেজের /২/০২৭ দুই কাঠা এক ছটাক সাতাশ স্কোয়ার ফিট জমিতে অত্র বন্টন নামা দলিলের পক্ষগণের প্রত্যেকের এক তৃতীয়াংশ স্বত্ব রহিল। উহাতে পক্ষগণের জলের পাইপ, ইলেকট্রিক তার, টেলিফোনের তার, সুয়ারেজ ইত্যাদি লওয়ার অধিকার রহিল। তদনুরূপ গণেশ ব্যানার্জী লেনের পশ্চিম হইতে ॥ক॥ তপশীল সম্পত্তির দক্ষিণ দিক দিয়া পূর্ব্ব বরাবর কমন প্যাসেজে অত্র বন্টন নামা দলিলের পক্ষগণের প্রত্যেকের যাতায়াত অধিকার ও সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্ব ও অধিকার রহিল। কোন অবস্থাতেই পক্ষগণের একে অপরের অধিকার ক্ষুন্ন করিবেন না।

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)
18-5-87

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nibaran Mukhopadhyay
In the presence of
Constituted Attorney
Nanda Dulal Mukherjee



৬। ।।ক।। তপশীল সম্পত্তির পূর্ব্ব দিকের ৮'-৬" প্রশস্ত শরৎ ঘোষ গার্ডেন রোড ১২' বার ফুট প্রশস্ত করিতে পক্ষগণ ।।ক।। তপশীল সম্পত্তির জমির মধ্যে উত্তর দক্ষিণে ১৭৪'-৩" ইঞ্চি দীর্ঘ ও পূর্ব্ব পশ্চিমে ৩'-৬" ইঞ্চি প্রশস্ত মোট /৮/২৪ তেরো ছটাক চব্বিশ স্কোয়ার ফিট জমি প্রদান করিয়াছেন ও উক্ত শরৎ ঘোষ গার্ডেন রোড বর্ত্তমানে ।।ক।। তপশীল সম্পত্তির পূর্ব্ব বরাবর ১২' ফুট প্রশস্ত হইতেছে ।

৭। দ্বিতীয় পক্ষ অত্র বন্টন নামা দলিল মূলে তাহার প্রাপ্ত স্বত্ব দখলী ।।গ।। তপশীল সম্পত্তির উপরে অদ্য হইতে ২ বৎসর সময়ের মধ্যে তার নিজস্ব বসত বাটি নির্মাণ করিবেন । উক্ত বাটি নির্মাণের সময় পর্য্যন্ত দ্বিতীয় পক্ষের তার পরিবার সহ প্রথম পক্ষ ও তৃতীয় পক্ষের প্রাপ্ত পারিবারিক বসত বাটিতে বসবাসের অধিকার রহিল এবং উক্ত সময় মধ্যে প্রথম পক্ষ ও তৃতীয় পক্ষ দ্বিতীয় পক্ষের বসবাসে কোন প্রকার বিঘ্ন সৃষ্টি করিতে পারিবেন না । উক্ত বাটি নির্মাণ অন্তে দ্বিতীয় পক্ষ ।।খ।। তপশীল ও ।।ঘ।। তপশীল সম্পত্তিতে তাহার দখল যথাক্রমে প্রথম পক্ষের ও তৃতীয় পক্ষের অনুকূলে তাহাদের প্রাপ্ত স্বত্বাংশ পরিত্যাগ করিতে বাধ্য রহিলেন ।

৮। প্রথম পক্ষ প্রাপ্ত লট ।।এ।। স্থিত বসত বাটির ও তৃতীয় পক্ষের প্রাপ্ত লট "সি" স্থিত বসত বাটির পার্টিশান দেওয়াল উভয়ের মধ্যে কমন থাকিবে এবং তাহারা নিজ নিজ অংশের পার্টিশান দেওয়াল নিজ নিজ খরচে যথাযথ ভাবে রক্ষাবেক্ষা করিবেন এবং কখনও এমন কোন কার্য্য করিবেন না যাহাতে উক্ত পার্টিশান দেওয়ালের বা মূল বাটির কোন প্রকার ক্ষতি সাধিত হয় ।

৯। প্রথম পক্ষ ও তৃতীয় পক্ষ কখনও তাহাদের ওয়ারেশ সূত্রে প্রাপ্ত বসত বাটির নিজ নিজ অংশ ভাঙ্গিয়া তৎস্থলে নূতন বাটি নির্মাণ করিতে একে অপরের বিরুদ্ধে –

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)
18.5.88

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
By the pen of his
Constituted Attorney
Nanda Dulal Mukherjee

এটাচমেন্টের অধিকার রহিল ও পাইবেন ।

১০। তৃতীয় পক্ষ তাহার প্রাপ্ত ॥ ঘ ॥ তপশীল সম্পত্তিতে অদ্য হইতে দুই বৎসর সময়ের মধ্যে তাহার নিজস্ব বাথরুম ও পায়খানা নির্মাণ করিবেন । উক্ত সময় পর্য্যন্ত তৃতীয় পক্ষ প্রথম পক্ষের প্রাপ্ত ॥খ॥ তপশীল সম্পত্তির বাথরুম ও পায়খানা ব্যবহার করিতে পারিবেন । উক্ত সময় পর্য্যন্ত প্রথম পক্ষ তৃতীয় পক্ষের উক্ত পায়খানা ও বাথরুম ব্যবহারে কোন প্রকার বিঘ্ন সৃষ্টি করিতে পারিবেন না ।

১১। প্রথম পক্ষের প্রাপ্ত ॥খ॥ তপশীল সম্পত্তির বসত বাটির প্রবেশ ও নির্গমনের পথ তৃতীয় পক্ষের প্রাপ্ত ॥ঘ॥ তপশীল সম্পত্তির বসত বাটির মধ্য দিয়া রহিয়াছে । অদ্য হইতে ২ দুই বৎসর সময়ের মধ্যে প্রথম পক্ষ তাহার প্রাপ্ত ছাহামের বসত বাটিতে প্রবেশ ও নির্গমনের পৃথক পথ তাহার প্রাপ্ত অংশের মধ্যে করিয়া লইবেন উক্ত দুই বৎসর সময় তৃতীয় পক্ষ প্রথম পক্ষের যাতায়াতের কোন প্রকার বাধা বিঘ্ন সৃষ্টি করিতে পারিবেন না ।

১২। অদ্য হইতে দুই বৎসর সময়ের মধ্যে প্রথম পক্ষ ও তৃতীয় পক্ষ নিজ নিজ খরচে তাহাদের নিজ নিজ প্রাপ্ত ছাহামে পৃথক বিদ্যুৎ ও জলের ব্যবস্থা করিয়া লইবেন । উক্ত সময় অবধি পক্ষগণ বর্ত্তমান বিদ্যুৎ ও জলের ব্যবস্থা যৌথভাবে ব্যবহার করিবেন ।

১৩। পক্ষগণ অত্র বন্টন নামা দলিল মূলে তাহাদের প্রাপ্ত নিজ নিজ ছাহাম ওয়ারেশগণ ক্রমে বিক্রয়ের উদ্যোগ করিলে অপর পক্ষ বা পক্ষগণের ওয়ারেশানগণ ক্রমে উক্ত সম্পত্তিতে বাজারবোচিৎ মূল্যে অগ্রক্রয়ের অধিকার রহিল ।

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)
18.5.88

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nibaran Mukhopadhyay
As he per D...
Constituted Attorney
Nanda Dulal Mukhopadhyay



১৪। অত্র বন্টন নামা দলিলের পক্ষগণ অপরের প্রাপ্য স্বত্বাংশ বা ছাহামের কোন প্রকার ক্ষয় ক্ষতি বা তাহাদের নিজ নিজ অংশ মেরামত বা নির্মাণ কার্য্যে কোন প্রকার প্রতিবন্ধক সৃষ্টি না করিতে অঙ্গীকারাবদ্ধ রহিলেন ।

১৫। অত্র বন্টন নামা দলিলে পক্ষগণ নিজ নিজ প্রাপ্য ছাহামের জন্য একের অপরের নিকট কোন প্রকার ওয়েলটি মণির দাবী রহিল না বা করিবেন না ।

১৬। অত্র বন্টন নামা দলিলের প্রতিটি সর্ত্ত অপর সর্ত্ত গুলির পণ বলিয়া গণ্য হইল ।

অত্র বন্টন নামা দলিলের ষ্ট্যাম্প ডিউটির জন্য ।।ক।। তপশীল সম্পত্তির মূল্য ২৫০০০০_ দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা এবং ।।খ।। তপশীল সম্পত্তির মূল্য ৯৫,০০০_ পঁচানববই হাজার টাকা ; ।।গ।। তপশীল সম্পত্তির মূল্য ৬০,০০০_ ষাট হাজার টাকা ও ।।ঘ।। তপশীল সম্পত্তির মূল্য ৯৫,০০০_ পঁচানববই হাজার টাকা ধার্য্য হইল ।

এতদর্থে সুস্থ শরীরে সরল চিত্তে অন্যের বিনানুরোধে অত্র বন্টন নামা দলিল পড়িয়া উহার মর্ম সম্যক অবগত হইয়া সাক্ষীগণ সম্মুখে অত্র বন্টন নামা দলিল সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিলাম । ইতি তারিখ সন ১৯৮৭ সালের ১৮ই মে বাংলা সন ১৩৯৪ সালের ৪ঠা জ্যৈষ্ঠ ।

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)
18.5.88

**॥ক॥ তপশীল সম্পত্তির পরিচয়**

জেলা দক্ষিণ ২৪ পরগণা থানা সদর টালিগঞ্জ পরে যাদবপুর বর্ত্তমান থানা কসবা সাবরেজেষ্ট্রি সাবেক আলিপুর বর্ত্তমানে শিবাদহ কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধীন জে,এল, নং ১৮ তৌজি নং ২৩০ ও ২৩৩ মৌজা ঢাকুরিয়ার অধীন সাবেক ক্যাডাস্ট্রাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৭৭৪ নং খতিয়ানের ৬৭২, ৬৭৩, ৬৭৪, ৬৭৫, ৬৮৬ ও ৭৮৯ নং দাগের রেকর্ড মোতাবেক ১৴১০॥৵০২০ ১/২ এক বিঘা পাঁচ কাঠা এগার ছটাক সাড়ে কুড়ি স্কোয়ার ফিট জমি বর্ত্তমান মাপ সুরু মতে প্রাপ্ত ১৴১০৵৪১ এক বিঘা পাঁচ কাঠা তিন ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটি ও অন্যান্য গৃহাদি যাহা ২নং গণেশ ব্যানার্জ্জী লেন কলিকাতা –৭০০০৩১ প্রেমিসেস রূপে পরিচিত তাহা বন্টন নামা দলিলের বিষয়ীভূত সম্পত্তি হইতেছে।

উহার চৌহদ্দি ঃ –

উত্তর – আংশিক প্রেমিসেস নং ৩এ , গণেশ ব্যানার্জ্জী লেন এবং আংশিক ৺নরেন্দ্র নাথ নস্কর মহাশয়ের বাটি।

পূর্ব্ব – ১২ ́ প্রশস্ত, শরৎ ঘোষ গার্ডেনস্ রোড এক্সটেনসন।

দক্ষিণ – আংশিক ৬ ́ ফুট প্রশস্ত কমন প্যাসেজ ও আংশিক প্রেমিসেস নং ৩বি, গণেশ ব্যানার্জ্জী লেন।

পশ্চিম – ১২ ́ ফুট প্রশস্ত গণেশ ব্যানার্জ্জী লেন।

District Sub-Registrar
...ipore, 24 Parganas (South)

18.5.88

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
by his [illegible]
Constituted Attorney
Nanda Dulal Mukherjee

**।।খ।। তপশীল সম্পত্তির পরিচয়**

**প্রথম পক্ষ শ্রী রাম কৃষ্ণ মুখোপাধ্যায়ের প্রাপ্ত**

**সম্পত্তির পরিচয়**

জেলা দক্ষিণ ২৪ পরগণা থানা সদর টালিগঞ্জ পরে যাদবপুর বর্তমান থানা কসবা সবরেজেষ্ট্রি সাবেক আলিপুর বর্তমানে শিবাদহ কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধীন জে,এল নং ১৮ তৌজি নং ২৩০ ও ২৩৩ মৌজা ঢাকুরিয়ার অধীন সাবেক ক্যাডাস্টাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৭৭৪ নং খতিয়ানের ৬৭২, ৬৭৩, ৬৭৪, ৬৭৫, ৬৮৬ ও ৭৮৯ নং দাগের ১/১০।।/২০ $\frac{১}{২}$ এক বিঘা পাঁচ কাঠা এগার ছটাক সাড়ে কুড়ি স্কোয়ার ফিট জমি বর্তমানে মাপ সুরত মতে প্রাপ্ত ১/১০/৪১ এক বিঘা পাঁচ কাঠা তিন ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটি ও অন্যান্য গৃহাদি যাহা ২নং গণেশ ব্যানার্জ্জী লেন প্রেমিসেস রূপে পরিচিত তন্মধ্যে অর্থাৎ ।।ক।। তপশীল সম্পত্তির মধ্যে পূর্ব্ব দিকের /১৩।০১ আট কাঠা চার ছটাক এক স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটি ও অন্যান্য গৃহাদি যাহা অএ বনটন নামা দলিল সংলগ্ন প্ল্যানে বা ম্যাপে লাল বর্ণের সীমা রেখা দ্বারা লট ।।এ।। রূপে চিহ্নিত ও প্রদর্শিত হইল তৎসহ গণেশ ব্যানার্জ্জী লেনের পশ্চিম হইতে পূর্ব্ব বরাবর ১২৬ ফুট দীর্ঘ ১২ ফুট প্রশস্ত নীল বর্ণের সীমা রেখা দ্বারা চিহ্নিত কমন প্যাসেজের সর্ব্ব প্রকার অধিকার সহ সম্পত্তি তাহার ষোল আনা অংশে প্রাপ্ত হইলেন ।

**ইহার চৌহদ্দি ঃ-**

উত্তর - আংশিক প্রেমিসেস নং ৩এ, গণেশ ব্যানার্জ্জী লেন ও আংশিক

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)
18.5.88

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
by the pen of his Constituted attorney
Nanda Dulal Mukherjee



*নরেন্দ্র নাথ নস্করের বাটি ।

পূর্বে — ১২´ফুট প্রশস্ত শরৎ ঘোষ গার্ডেন রোড একসটেনসন ।

দক্ষিণ — প্রেমিসেস নং ৩বি, গণেশ ব্যানার্জ্জী লেন ।

পশ্চিম — আংশিক তৃতীয় পক্ষের প্রাপ্য ॥ঘ॥ তপশীল সম্পত্তি ও আংশিক এত্র সংলগ্ন প্ল্যানে প্রদর্শিত নীল বর্ণের সীমা রেখা দ্বারা চিহ্নিত কমন প্যাসেজ ।

॥গ॥ তপশীল সম্পত্তির পরিচয়

দ্বিতীয় পক্ষ শ্রী নন্দ দুলাল মুখোপাধ্যায়ের প্রাপ্য সম্পত্তির পরিচয়

জেলা দক্ষিণ ২৪ পরগণা থানা সদর টালিগঞ্জ পরে যাদবপুর বর্ত্তমান থানা কসবা সাবরেজেষ্ট্রি সাবেক আলিপুর বর্ত্তমানে শিবাদহ কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধীন জে,এল, নং ১৮ তৌজি নং ২৩০ ও ২৩৩ মৌজা ঢাকুরিয়ার অধীন সাবেক ক্যাটাস্ট্র্যাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৭৭৪ নং খতিয়ানের ৬৭২,৬৭৩, ৬৭৪, ৬৭৫, ৬৮৬ ও ৭৮৯ নং দাগের ১৴।০।১১৷৴২০ $\frac{1}{2}$ এক বিঘা পাঁচ কাঠা এগার ছটাক সাড়ে কুড়ি স্কোয়ার ফিট জমি বর্ত্তমানে মাপ সুরৎ মতে প্রাপ্য ১৴।০৷৴৪১ এক বিঘা পাঁচ কাঠা তিন ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতল পাকা বাটি ও অন্যান্য গৃহাদি যাহা ২ নং গণেশ ব্যানার্জ্জী লেন প্রেমিসেস, রূপে পরিচিত তন্মধ্যে অর্থাৎ ॥ক॥ তপশীল সম্পত্তির মধ্যে দক্ষিণ পশ্চিম দিকের

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)

18.5.88

৴।১৬৪১ ছয় কাঠা দুই ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট জমি যাহা অত্র বন্টন নামা দলিল সংলগ্ন ম্যাপে বা প্ল্যানে হরিদ্রা বর্ণের সীমা রেখা দ্বারা লট "বি" রূপে চিহ্নিত ও প্রদর্শিত হইল তৎসহ গণেশ ব্যানার্জী লেনের পশ্চিম হইতে পূর্ব্ব বরাবর উত্তর দিকের ১২৬ ফুট দীর্ঘ ১২ ফুট প্রশস্ত নীল বর্ণের সীমা রেখা দ্বারা চিহ্নিত কমন প্যাসেজের ও দক্ষিণ দিকের ৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজের সর্ব্ব প্রকার অধিকার সহ সম্পত্তি ষোল আনা অংশে প্রাপ্ত হইলেন ।

উহার চৌহদ্দি ঃ-

উত্তর - অত্র বন্টন নামা দলিল সংলগ্ন নক্সায় নীল বর্ণের সীমারেখা দ্বারা চিহ্নিত কমন প্যাসেজ ।

পূর্ব্ব - তৃতীয় পক্ষ শ্রী নীল রতন মুখোপাধ্যায়ের প্রাপ্ত ॥ঘ॥ তপশীল সম্পত্তির অংশ ।

দক্ষিণ - ৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজ ।


পশ্চিম - ১২ ফুট প্রশস্ত গণেশ ব্যানার্জী লেন ।

॥ঘ॥ তপশীল সম্পত্তির পরিচয়

তৃতীয় পক্ষ শ্রী নীল রতন মুখোপাধ্যায়ের

প্রাপ্ত সম্পত্তির পরিচয়

জেলা দক্ষিণ ২৪ পরগণা থানা সদর টালিগঞ্জ পরে যাদবপুর বর্ত্তমান থানা কসবা সাবরেজেষ্ট্রি সাবেক আলিপুর বর্ত্তমানে শিবাদহ কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এর এলাকাধীন জে,এল, নং ১৮ তৌজি নং ২৩০ , ২৩৩ মৌজা ঢাকুরিয়ার অধীন



District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)

18.5.88

|| ১৯ ||

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
for me Pen of Law
Constituted Attorney
Nanda Dulal Mukherjee

সাবেক কাটাশ্ট্যাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৭৭৪ নং খতিয়ানের ৬৭২, ৬৭৩, ৬৭৪, ৬৭৫, ৬৮৬ ও ৭৮৯ নং দাগের ১৵০।।৵২০ $\frac{১}{২}$ এক বিঘা পাঁচ কাঠা এগারো ছটাক সাড়ে কুড়ি স্কোয়ার ফিট বর্ত্তমানে মাপ সুরু মতে প্রাপ্ত ১৵১০৵৪১ এক বিঘা পাঁচ কাঠা তিন ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট জমি তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটি ও অন্যান্য গৃহাদি যাহা ২নং গণেশ ব্যানার্জ্জী লেন প্রেমিসেস রূপে পরিচিত তন্মধ্যে অর্থাৎ ।।ক।। তপশীল সম্পত্তির মধ্যে উত্তর পশ্চিম দিকের ৴১০৴১৩ পাঁচ কাঠা এক ছটাক তেরো স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত গৃহাদি এবং দক্ষিণ দিকের মধ্য ভাগের ৴২৸০২৫ দুই কাঠা বার ছটাক পঁচিশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটি মোট ৴১২৸৴৩৮ সাত কাঠা তেরো ছটাক আটত্রিশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটি ও অন্যান্য গৃহাদি যাহা এই বন্টন নামা দলিল সংলগ্ন প্ল্যানে বা ম্যাপে সবুজ বর্ণের সীমা রেখার দ্বারা লট ''সি'' রূপে চিহ্নিত ও প্রদর্শিত হইল তৎসহ গণেশ ব্যানার্জ্জী লেনের পশ্চিম হইতে পূর্ব্ব বরাবর ১২৬' একশত ছাব্বিশ ফুট দীর্ঘ ১২' বার ফুট প্রশস্ত নীল বর্ণের সীমা রেখা দ্বারা চিহ্নিত কমন প্যাসেজের ও দক্ষিণ দিকের ৬' ফুট প্রশস্ত কমন প্যাসেজের সর্ব্ব প্রকার অধিকার সহ সম্পত্তি ষোল আনা অংশে প্রাপ্ত হইলেন ।

উক্ত ।০৴১৩ পাঁচ কাঠা এক ছটাক তের স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত গৃহাদির চৌহদ্দি ঃ—

| | |
|---|---|
| উত্তর — | প্রেমিসেস নং ৩এ, গণেশ ব্যানার্জ্জী লেন । |
| পূর্ব্ব — | প্রথম পক্ষ শ্রী রাম কৃষ্ণ মুখোপাধ্যায়ের প্রাপ্ত ।। খ।। তপশীল সম্পত্তি । |

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)
18.5.88

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
by the pen of his
Constituted Attorney
Nanda Dulal Mukherjee

দক্ষিণ – অত্র বন্টন নামা দলিল সংলগ্ন নক্সায় নীল বর্ণের সীমা রেখা দ্বারা চিহ্নিত কমন প্যাসেজ।

পশ্চিম – ১২´বার ফুট প্রসস্থ গণেশ ব্যানার্জী লেন।

উক্ত ২৸০২৫ দুই কাঠা বার ছটাক পঁচিশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত পুরাতন একতলা পাকা বাটির চৌহদ্দি ঃ–

উত্তর – অত্র বন্টন নামা দলিল সংলগ্ন নক্সায় নীল বর্ণের সীমা রেখা দ্বারা চিহ্নিত কমন প্যাসেজ।

পূর্ব্ব – প্রথম পক্ষ শ্রী রাম কৃষ্ণ মুখোপাধ্যায়ের প্রাপ্ত ॥খ॥ তপশীল সম্পত্তি।

দক্ষিণ – আংশিক ৬´ফুট প্রসস্থ কমন প্যাসেজ ও আংশিক প্রেমিসেস নং ৩বি, গণেশ ব্যানার্জী লেন।

পশ্চিম – দ্বিতীয় পক্ষ শ্রী নন্দ দুলাল মুখোপাধ্যায়ের প্রাপ্ত ॥গ॥ তপশীল সম্পত্তি।

Ram Krishna Mukherjee
Nanda Dulal Mukherjee
Nilratan Mukhopadhyay
by the pen of his
Constituted Attorney
Nanda Dulal Mukherjee

ইসাদি

1. Himangshu Saha
Advocate
1, Tonsupukur Road
Calcutta - 700031
2. Binda Bejoy Banerjee
10 Ganesh Banerjee Lane
Calcutta - 700031
3. Jayanta Kr. Chattopadhyay
20, D. Nagen Ghosh Lane.
Calcutta - 700031

মুসাবিদাকারক
Himangshu Saha
এ্যাডভোকেট, আলিপুরজজকোর্ট
কলিকাতা –২৭

টাইপিস্ট
শ্রী [illegible]
আলিপুরজজকোর্ট

District Sub-Registrar
Alipore, 24 Parganas (South)
18.5.88

অদ্য সন ১৯৮৭ সালের ২৮-৪ মে

এবং

অদ্য সন ১৩৯৪ সালের ১৪ই জ্যৈষ্ঠ

প্রথম পক্ষ শ্রী রাম কৃষ্ণ মুখোপাধ্যায়
পিতা ৺সত্যেন্দ্র নাথ মুখোপাধ্যায়

দ্বিতীয় পক্ষ – শ্রী নন্দ দুলাল মুখোপাধ্যায়
পিতা ৺সত্যেন্দ্র নাথ মুখোপাধ্যায়

তৃতীয় পক্ষ শ্রী নীল রতন মুখোপাধ্যায়
পিতা ৺সত্যেন্দ্র নাথ মুখোপাধ্যায়
সর্ব্ব সাকিম ২নং গণেশ ব্যানার্জী লেন,
থানা কাবা কলিকাতা –৭০০০৩১
জেলা দক্ষিণ ২৪ পরগণা। –

District Sub-Registrar, Alipore, 24 Parganas (South)

মুসাবিদাকারক
এ্যাডভোকেট, আলিপুরজজ কোর্ট
কলিকাতা –২৭

টাইপিস্ট
আলিপুরজজকোর্ট –

Book No. I
For the Year 1987

District Sub-Registrar, Alipore, 24 Parganas (South)